



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং বিঅ-৬/৬৮৮৮/ ৭১১

তারিখ : ০৭/০৮/১৭

বিষয় : নির্দেশনা প্রদান প্রসঙ্গে

সূত্র : প্রধান শিক্ষকের ১৬-০৭-২০১৭ তারিখের আবেদন (আইডি নং ১১১৭৭)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলাধীন সুন্দরপুর মাধ্যমিক বিদ্যালয়ে (ই.আই.আই.এন-১১৬৭০২) বিধি মোতাবেক ২২-০৫-২০১৭ তারিখে সদস্য নির্বাচন সম্পন্ন হয়। প্রজ্ঞাপন ২০০৯ এর ৮(১) ধারা মোতাবেক ০৭ দিনের মধ্যে সভাপতি নির্বাচনের কথা। প্রিজাইডিং অফিসার ২৭-০৫-২০১৭ তারিখে সভাপতি নির্বাচনের জন্য সভা আহবান করেন। কিন্তু ২৫-০৫-২০১৭ তারিখে প্রিজাইডিং অফিসার অন্যত্র বদলী হওয়ায় সভাপতি নির্বাচন সম্পন্ন করতে পারেননি।

এমতাবস্থায় প্রবিধান ২০০৯ এর ৮ (১) ধারা অনুযায়ী সদস্য নির্বাচন সম্পন্ন হওয়ার ০৭ দিনের মধ্যে সভাপতি নির্বাচনের কথা থাকলেও তা সম্পন্ন করতে না পারায় প্রবিধান এর নিয়ম ভঙ্গ হয়েছে, অন্যদিকে নির্ধারিত সময়ের মধ্যে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে সদস্য নির্বাচন সম্পন্ন করা হয়েছে। এমতাবস্থায় সভাপতি নির্বাচনের সুযোগ দেয়া যাবে কিনা মহোদয়ের সদয় নির্দেশনা কামনা করা হচ্ছে।

সচিব

শিক্ষা মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(প্রফেসর মোহাম্মাদ আব্দুল আলীম)

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৪০